# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

খায়বরের বিবরণ (بيان موضع خيبر)

মদীনা হ’তে প্রায় ১৭০ কি. মি. উত্তর-পূর্বে অবস্থিত খায়বর একটি বড় শহরের নাম। শহরটি অনেকগুলি দুর্গবেষ্টিত এবং চাষাবাদ যোগ্য কৃষিজমি সমৃদ্ধ। খায়বরের জনবসতি দু’টি অঞ্চলে বিভক্ত। প্রথম অঞ্চলটিতে ৫টি দুর্গ এবং দ্বিতীয় অঞ্চলটিতে ৩টি দুর্গ ছিল। প্রথম অঞ্চলটি দু’ভাগে বিভক্ত। এক ভাগের নাম ‘নাত্বাত’ (نَطَاةُ) এ ভাগে ছিল সবচেয়ে বড় না‘এম (نَاعِمٌ)_সহ তিনটি দুর্গ এবং আরেক ভাগের নাম ‘শিক্ব’ (الشِّقُّ) এভাগে ছিল বাকী দু’টি দুর্গ। অন্য অঞ্চলটির নাম ‘কাতীবাহ’ (الْكَتِيبَةُ) এ অঞ্চলে ছিল প্রসিদ্ধ ‘ক্বামূছ’(حِصْنُ الْقَمُوصِ) দুর্গসহ মোট ৩টি দুর্গ। দুই অঞ্চলের বড় বড় ৮টি দুর্গ ছাড়াও ছোট-বড় আরও কিছু দুর্গ ও কেল্লা ছিল। তবে সেগুলি শক্তি ও নিরাপত্তার দিক দিয়ে উপরোক্ত দুর্গগুলির সমপর্যায়ের ছিল না। খায়বরের যুদ্ধ মূলতঃ প্রথম অঞ্চলেই সীমাবদ্ধ ছিল। দ্বিতীয় অঞ্চলের দুর্গ তিনটি বিনা যুদ্ধে আত্মসমর্পণ করে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5542

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন